

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-১
www.lawjusticediv.gov.bd

নং ১০.০০.০০০০.১২৫.০৮.০০৫.২০.২৫৯

তারিখঃ ১৬ আষাঢ় ১৪২৮ বঙ্গাব্দ
৩০ জুন ২০২১ খ্রিস্টাব্দ

বিষয়ঃ শ্রান্তি ও বিনোদন ছুটি এবং বিনোদন ভাতা মঞ্জুর প্রসঙ্গে।

সূত্রঃ বাংলাদেশ সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগের ২৪/০৬/২০২১ খ্রিঃ তারিখের ১জে-৫/২০২০ (অংশ-৩)-৩৬০৮ জে নম্বর পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশিত হয়ে বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে ১৯৫৯ সনের নির্ধারিত ছুটি বিধিমালার ৩(১)(iii) বিধি, ১৯৭৯ সনের বাংলাদেশ সার্ভিসেস (শ্রান্তি বিনোদন ভাতা) বিধি এবং অর্থ মন্ত্রণালয়ের বাস্তবায়ন শাখা-১ থেকে জারীকৃত ১২ জুলাই ১৯৯৯ খ্রিঃ তারিখের অম/অবি (বাঃ-১) ভাতা-১৬/৯৫/১৭৬ নম্বর ও প্রবিধি শাখা-২ থেকে জারীকৃত ২০-০৩-১৯৮৯ খ্রিঃ তারিখের অম(অবি) প্রবি-২/ছুটি-৬/৮৬-২৮ নম্বর অফিস স্মারকের মর্মানুযায়ী বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিসের নিম্নবর্ণিত কর্মকর্তা গত ২২/০১/২০১৭ খ্রিঃ তারিখে চাকরিতে যোগদান করায় এবং বর্তমানে ১ম বারের মত শ্রান্তি ও বিনোদন ছুটির প্রাপ্যতা অর্জন করায় তাঁর অনুকূলে ৩নং কলামে বর্ণিত আবেদনের তারিখ হতে পরবর্তী শ্রান্তি ও বিনোদন ছুটির প্রাপ্যতার তারিখ অক্ষুণ্ন রেখে ৪নং কলামে উল্লিখিত সময়ের জন্য শ্রান্তি ও বিনোদন ছুটি এবং ৫নং কলামে উল্লিখিত মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ শ্রান্তি ও বিনোদন ভাতা হিসেবে মঞ্জুর করা হলো :

নং	কর্মকর্তার নাম, পদবি ও কর্মস্থল	আবেদনের তারিখ	মঞ্জুরীকৃত ছুটি	মঞ্জুরীকৃত ভাতা
১	২	৩	৪	৫
১।	বেগম সুরাইয়া বেগম জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, দিনাজপুর	২১/০১/২০২০	০১/০৭/২০২১ খ্রিঃ হতে ১৫/০৭/২০২১ খ্রিঃ পর্যন্ত মোট ১৫(পনের) দিন।	জুলাই/২০২১ মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ

০২। উল্লেখ্য, বাংলাদেশ সুপ্রীম কোর্ট বর্ণিত কর্মকর্তাকে মামলা জট নিরসন ও বিচারপ্রার্থী জনগণের দ্রুত বিচার প্রাপ্তির উদ্দেশ্যে উক্ত ছুটি উল্লিখিত সময়ের মধ্যে ১৫ (পনের) দিনের পরিবর্তে ০৭(সাত) দিন ভোগ করার জন্য পরামর্শ প্রদান করেছে।

০৩। বর্ণিত কর্মকর্তার শ্রান্তি ও বিনোদন ভাতা তাঁর নিজ দপ্তরের সংশ্লিষ্ট খাত হতে বিকলনীয়।


(মোহাম্মদ রহমত আলী)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৪৫৪৩১।

১। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা

আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
কক্ষ নং-৫০৩, ৫ম তলা, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

২। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, দিনাজপুর।

নং ১০.০০.০০০০.১২৫.০৮.০০৫.২০.২৫৯ /১(৮)

তারিখঃ ১৬ আষাঢ় ১৪২৮ বঙ্গাব্দ
৩০ জুন ২০২১ খ্রিস্টাব্দ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

- ১। রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
- ২। চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, দিনাজপুর।
- ৩। সিনিয়র সহকারী সচিব, বাজেট, আইন ও বিচার বিভাগ।
- ৪। সচিবের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ।
- ৫। বেগম সুরাইয়া বেগম, জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, দিনাজপুর।
- ৬। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ৭। গার্ড ফাইল।
- ৮। অফিস কপি।


(মোহাম্মদ রহমত আলী)
সিনিয়র সহকারী সচিব।